

# যায়যায়দিন

তারিখ ০৭ FEB 2007  
পৃষ্ঠা ১

১৬

## খুবির ৩০ শিক্ষার্থীর শাস্তি

খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ক্যাম্পাস

শুধুলা ডঙ্গের দায়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের ৩০ শিক্ষার্থীর বিরুদ্ধে বহিষ্কারসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বুধবার ছাত্র বিষয়ক পরিচালকের দফতর থেকে এ ব্যাপারে এক নোটিশ প্রকাশ করা হয়। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, নবীন শিক্ষার্থীদের ওপর র্যাগিংয়ের নামে নির্যাতনের দায়ে ১১ ফেব্রুয়ারি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযুক্ত শিক্ষার্থীদের এক সেমিস্টার বহিষ্কার করা হয়। বহিষ্কৃতরা হলো- সিএসই ডিসিপ্লিনের দিপেন বিশ্বাস রানা, সাক্বির হোসেন, রফিকুল ইসলাম সোহাগ, ফরেস্ট ডিসিপ্লিনের ইকবাল হোসেন, পরিবেশ বিজ্ঞান ডিসিপ্লিনের হুমায়ুন কবির দেওয়ান ও ফার্মেসি ডিসিপ্লিনের আফজালুস সিরাজ।

এছাড়া একই অভিযোগে আরো ১৮ শিক্ষার্থীর প্রত্যেককে দুই হাজার থেকে পাচ হাজার টাকা জরিমানাসহ অভিভাবক তলব ও মুচলেকা প্রদানের নির্দেশ দেয়া হয়। এদিকে খেলার মাঠে রেফারির সঙ্গে অশোভন আচরণের দায়ে ফিশারিজ ডিসিপ্লিনের ফেরদৌস আনসারীকে এবং কেন্দ্রীয় লাইব্রেরির পত্রিকা ছেড়ার দায়ে বিএ ডিসিপ্লিনের এস এম মেহেদী হাসানকে এক সেমিস্টারের জন্য বহিষ্কার করা হয়।

এছাড়া শিক্ষকের সঙ্গে ঔদ্ধত্যপূর্ণ আচরণের দায়ে পরিবেশ বিজ্ঞানের এক শিক্ষার্থীর স্যাটিফিকেট এক বছরের জন্য স্থগিতকরণ এবং অন্য এক শিক্ষার্থীকে হল থেকে বহিষ্কারসহ আর্থিক জরিমানা করা হয়।

রাজনীতিমুক্ত ক্যাম্পাসে রাজনীতি চর্চার দায়ে অ্যাট্রোটেকনলজি ডিসিপ্লিনের মোস্তাক আহমেদ ও একই ডিসিপ্লিনের এক ছাত্রীকে লাঞ্চিত করার দায়ে অর্থনীতির কাইয়ুম শরীমকে (জনি) সাময়িকভাবে বহিষ্কার করা হয়।